চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াত প্রার্থী রুহুল আমিন’কে শোকজ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে দলীয় কর্মশালায় উসকানিমূলক বক্তব্য দিয়ে নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে চুয়াডাঙ্গা-২ (দামুড়হুদা, জীবননগর ও সদর উপজেলার একাংশ) আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী মো. রুহুল আমিনকে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দিয়েছে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি।

নোটিশে ১৯ জানুয়ারি সকাল সাড়ে ১০টায় বিচারিক কমিটির কার্যালয়ে উপস্থিত হয়ে লিখিত বক্তব্য বা ব্যাখ্যা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। গত মঙ্গলবার এ নোটিশ জারি করেন সংশ্লিষ্ট আসনের নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটির প্রধান এবং জীবননগর সিভিল জজ আদালতের বিচারক নাসির হুসাইন। জানা গেছে, গত ১২ জানুয়ারি দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় দলীয় কর্মশালায় বক্তব্য দেন জামায়াতের প্রার্থী মো. রুহুল আমিন।

তার ওই বক্তব্যকে উসকানিমূলক ও নির্বাচনি আচরণবিধি পরিপন্থি দাবি করে এ আসনে বিএনপি’র প্রার্থী মাহমুদ হাসান খানের প্রধান নির্বাচনি এজেন্ট এম এ সবুর একই দিন জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ কামাল হোসেনের কাছে লিখিত অভিযোগ দেন। ওই অভিযোগের সূত্র ধরে জেলা প্রশাসকের কার্যালয় থেকে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটির কাছে চিঠি পাঠানো হয়।

চিঠিতে উল্লেখ করা হয়, কার্পাসডাঙ্গা জামায়াতে ইসলামীর নির্বাচনি কর্মশালায় মো. রুহুল আমিন নির্বাচনে জয়লাভের লক্ষ্যে বাঁশে তেল মাখিয়ে সংরক্ষণ ও ব্যবহার করার জন্য ভোট গ্রহণের আগে জনসাধারণকে নির্দেশনা দিয়েছেন, যা নির্বাচনি আচরণবিধিমালার পরিপন্থি। ইতোমধ্যে কর্মশালার ওই বক্তব্য বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যম ও পত্রিকার মাধ্যমে ব্যাপকভাবে প্রচারিত হয়েছে। চিঠির সঙ্গে পেনড্রাইভে বক্তব্যের ভিডিও সংযুক্ত করে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

সিভিল জজ নাসির হুসাইন স্বাক্ষরিত কারণ দর্শানোর নোটিশে বলা হয়েছে, ভিডিও পর্যালোচনায় প্রাথমিকভাবে অভিযোগের সত্যতা পাওয়া গেছে। অভিযোগ ও ভিডিও বিশ্লেষণে দেখা যায়, মো. রুহুল আমিন

বক্তব্যে বলেন, ‘সামনে ১২ তারিখ একটি লড়াই হবে। এই লড়াইয়ে যারা মরার জন্য যাবে তারাই জিতবে, যারা রক্ত ঝরানোর জন্য যাবে তারাই জিতবে। আর যারা বাঁচতে যাবে তারা হেরে যাবে।

এছাড়া তিনি কর্মীদের বাঁশের লাঠি ব্যবহার করতে উৎসাহ দিয়েছেন। এমন উসকানিমূলক বক্তব্য নির্বাচনে জনসাধারণের মধ্যে ভয়ভীতি সৃষ্টি করেছে। নোটিশে আরও বলা হয়, এ ধরনের বক্তব্য নির্বাচনে সহিংসতা সৃষ্টিতে উৎসাহ জোগায় এবং সুষ্ঠু নির্বাচনি পরিবেশ বিনষ্ট করে। সামাজিক যোগাযোগমাধ্যমে বক্তব্যটি ছড়িয়ে পড়ায় জনমনে ভীতির সঞ্চার হচ্ছে। এসব কর্মকাণ্ডের মাধ্যমে মো. রুহুল আমিন নির্বাচনে অবৈধ প্রভাব সৃষ্টি করেছেন এবং রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণবিধিমালা, ২০২৫-এর বিধি ১৫ ও ১৬ লঙ্ঘন করেছেন। এ অবস্থায় অভিযোগের বিষয়ে কেন তার বিরুদ্ধে নির্বাচন কমিশনে সুপারিশসহ প্রতিবেদন পাঠানো হবে না, তা জানতে ১৯ জানুয়ারি সকাল সাড়ে ১০টায় কমিটির কার্যালয়ে উপস্থিত হয়ে ব্যাখ্যা দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

এ বিষয়ে জামায়াতের প্রার্থী মো. রুহুল আমিন বলেন, আমার দেওয়া বক্তব্য কাউকে ভয়ভীতি দেখানোর জন্য নয় এবং এটি আচরণবিধি লঙ্ঘনের উদ্দেশ্যেও নয়। মূলত সুষ্ঠু ও সুন্দর নির্বাচন নিশ্চিত করার পরিকল্পনার অংশ হিসেবেই এই বক্তব্য দেওয়া হয়েছে।তিনি আরও বলেন, আমরা ভোট চুরি করব না, কাউকে ভোট চুরি করতে দেব না—এটাই ছিল মূল বক্তব্য। যারা ভোট চুরি করতে আসবে, তাদের প্রতিহত করা হবে। সেই প্রতিরোধের প্রস্তুতি হিসেবে কর্মীদের সতর্ক থাকার কথা বলা হয়েছে।

চুয়াডাঙ্গা-২ আসনে ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নিবার্চনকে সামনে রেখে চুয়াডাঙ্গা-২ আসনের নিবার্চনী ইসলামী আন্দোলন বাংলাদেশ এর প্রস্তুতি সভা

অনুষ্ঠিত হয়েছে। গত শুক্রবার সকাল ১০টায় দর্শনা ডাক বাংলো অডিটেরিয়ামে ইসলামী আন্দোলন বাংলাদেশ এর আয়োজনে নিবার্চনী প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা-২ আসনের নিবার্চন পরিচালনা কমিটির আহ্বায়ক মুহাম্মদ এনামুল কবির জিপসী এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ এর চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য পদ প্রার্থী মুহাম্মদ হাসানুজ্জামান সজিব। প্রধান অতিথি তার বক্তব্য রাখতে গিয়ে বলেন, এখানে চুয়াডাঙ্গা-২ আসনের ইসলামী আন্দোলন বাংলাদেশের বিভিন্ন ওয়ার্ড, ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা কমিটির উপস্থিত নেতাকর্মীদের নির্দেশনা দিয়ে বলেন, আজ থেকে আপনারা নিজ নিজ এলাকায় ফিরে গিয়ে পাখা মাকার্র পক্ষে সকল ধর্ম, বর্ণ, বিভিন্ন পেশার মানুষসহ সাধরণ মানুষকে সম্পৃক্ত করতে কাজ করবেন। সাধরণ মানুষের মধ্যে নিজেদেরকে গ্রহণযোগ্য করে আমাদের দলের আর্দশ প্রচার করবেন। প্রতিটি ওয়ার্ডে, পাড়ার-মহল্লায় নিবার্চনী কমিটি গঠন করে পাখা মার্কার পক্ষে ভোট চাইবেন।

এছাড়া আগামী নিবার্চনকে সামনে রেখে এখন থেকে নিজ উদ্যেগে মনে প্রাণে কাজ করে ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রার্থী জয়যুক্ত করে ঘরে ফিরবেন বলে সকল নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানের শুরুতেই কোরআন তেলোয়াত করেন, কারী মোঃ জিল্লুর রহমান।

এছাড়া নিবার্চনী প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন, ইসলামী আন্দোলন বাংলাদেশের দামুড়হুদা সদর ইউনিয়রে সভাপতি মুফতি আব্দুর রাজ্জাক কাজী, হাউলী ইউনিয়রে সভাপতি আশরাফুল ইসলাম, জুড়ান পুর ইউনিয়রে সভাপতি শাহিন আ্লম মিল্টন, নতিপোতা ইউনিয়রে সভাপতি মোশরেফ হোসেন, দর্শনা পৌরসভার সভাপতি মোঃ কামরুজ্জামান, নাটুদাহ ইউনিয়নের সভাপতি মাওঃ মোঃ মিকাইল হোসেন, পারকৃস্ণপুর মদনা ইউনয়নের সাধারণ সম্পাদক জামসের আলী, কুড়লগাছী ইউনিয়নের সাধারণ সম্পাদক জোবায়ের আহম্মদ, গড়াইটুপি ইউনিয়নের জসীম উদ্দিন।

এছাড়া জীবননগর উপজেলার বিভিন্ন ইউনিয়নের সভাপতি ও সাধরণ সম্পাদকসহ বিভিন্ন নেতাকর্মী বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনা করেন, মাওঃ কে এম সাইফুল্লাহ ও মুফতি মুহাম্মদ ইদরিস।

চুয়াডাঙ্গা-২ আসনে স্বতন্ত্র প্রার্থী হাশেম রেজার সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা-২ আসনে নৌকার প্রার্থী আলী আজগর টগর ও সমর্থকরা বিভিন্ন ভোট কেন্দ্র দখল করে জোরপূর্বক ভোট প্রদান, পোলিং এজেন্টদের মারধর সহ বিভিন্ন অনিয়মের অভিযোগে তুলে সংবাদ এক সম্মেলন করা হয়েছে। সংবাদ সম্মেলনে চুয়াডাঙ্গা-২ আসনে পুনঃ নির্বাচনের দাবী জানিয়েছেন স্বতন্ত্র প্রার্থী (ট্রাক প্রতীক) মোঃ হাশেম রেজা এই সংবাদ সম্মেলন করেছে ।

গতকাল সোমবার রাত ৮ সময় দামুড়হুদা উপজেলার কড়ুলগাছি গ্রামে তার নিজ বাড়িতে এই সংবাদ সম্মেলনে আয়োজন করেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বিশিষ্ট আওয়ামী লীগ নেতা অ্যাডঃ আবু তালেব, দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল আজিজুর রহমান,নাটুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ রেজাউল ইসলাম, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ মমিন মাষ্টার প্রমুখ।

চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র প্রার্থী ট্রাক প্রতীক দৈনিক আমার সংবাদ ও ডেইলি পোস্ট কেন্দ্রীয় ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটি সদস্য মোঃ হাশেম রেজা সংবাদ সম্মেলনে বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আমি সংসদীয় আসন (৮০) চুয়াডাঙ্গা-২ আসন থেকে স্বতন্ত্র এমপি প্রার্থী হিসাবে (ট্রাক প্রতীক) নিয়ে নির্বাচনে অংশ গ্রহণ করি। আমার পক্ষে সাধারণ ভোটারদের বাঁধভাঙ্গা উল্লাস ও সমর্থন দেখে চুয়াডাঙ্গা-২ আসেন বর্তমান সংসদ সদস্য নীলনকশা বাস্তবায়ন করেন। নির্বাচনী প্রচার-প্রচারণার শুরু থেকে আমার পক্ষের সমর্থকদের বাড়ি বাড়ি যেয়ে হুমকী ধামকী দেন। কর্মীদের বাড়ির খরের গাদায় আগুন। ক্রস ফায়ারের আসামী ও সন্ত্রাসীদের দিয়ে আমার পথসভায় হামলা চালায়। প্রকাশ্যে আগ্নেয় অস্ত্র প্রদর্শন সহ বিভিন্ন ভাবে আমার কর্মী সমর্থকদের বাঁধা প্রদান করে আসছে। শুধু তাইনা নৌকার প্রার্থী তার নিজের পক্ষে নির্বাচনের ফলাফল আনতে জঘন্যতম সকল নোংরা মানসিকতার বহিঃপ্রকাশ ঘটিয়ে নিজের অনুকূল আনেন এবং চুয়াডাঙ্গা-২ আসনের মানুষের

স্বপ্নের ভোটকে কবর দিয়ে নৌকার বিজয় নিশ্চিত করেন। ভোটের দিন জোর করে ভোট কেন্দ্র দখল। জাল ভোট প্রদান সহ নানান অনিয়মের মাধ্যমে নৌকা প্রতীকের প্রার্থীর বিজয় সুনিশ্চিত হয়।

চুয়াডাঙ্গা জেলার স্থানীয় সংবাদপত্র সহ বিভিন্ন জাতীয় সংবাদপত্র, ইলেকট্রনিক মিডিয়া, অনলাইন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে জোরপূর্বক কেন্দ্র দখল করে নৌকার পক্ষে ভোট চলছে বলে সংবাদ প্রকাশিত হয়। নৌকার পক্ষে জাল ভোট প্রদানের জন্য কয়েক জনের বিরুদ্ধে প্রশাসন কয়েক জনকে জেল জরিমানা করে। ছাপ্পা ও জাল ভোটের মাধ্যমে নৌকার নির্লজ্জ বিজয় আমার চুয়াডাঙ্গা-২ আসনের জনগণ প্রত্যাক্ষাণ করেছে। তাই পূণরায় নির্বাচনের দাবী জানিয়ে মাঠে নেমেছে হাজার হাজার মানুষ।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি গ্রহনযোগ্য ও সুষ্ঠু নির্বাচনের ঘোষণা দেন। দলমত নির্বিশেষে সকলকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ দেয়ার ঘোষণা দিলে আমরা গনতন্ত্রে বিশ্বাসী নাগরিক হয়ে স্বতন্ত্র এমপি প্রার্থী হওয়ার ঘোষণা দিই। এলাকার হাজার হাজার মানুষের সমর্থনে ট্রাক প্রতীক নিয়ে নির্বাচনে ঝাপিয়ে পরি। আমি বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির একজন সদস্য। আমি মুজিব আদর্শের সৈনিক। কিন্তু আমার চোখের সামনে গনতন্ত্রকে হত্যা করেছে। জনগনের ভোটকে জোরপূর্বক ছিনিয়ে নিয়ে আমারই এক জ্ঞাতী ভাই নৌকার বিজয় সুনিশ্চিত করে ঘরে ফিরলেন। আমি আশাহত ভোটার ও জনগনের পক্ষে আছি থাকবো আজীন। তাই আমার চুয়াডাঙ্গা-২ আসবের মানুষের দাবীকে সমর্থন করে তাদের ভোটাধিকার ফিরিয়ে আনতে পুনঃ নির্বাচনের দাবীতে করছি । এ বিষয়ে মহামান্য আদালতে রিট দাখিল করে জনতার বিজয় সুনিশ্চিত করবো বলে জানিয়েছেন তিনি।

চুয়াডাঙ্গা ২ আসনে ঢেঁকি মার্কা প্রতীকে জাতীয় পার্টির

যোগদান

দর্শনায় চুয়াডাঙ্গা-২ আসনের সতন্ত্র প্রার্থী মীর্জা শাহারিয়ার মাহমুদ লল্টুর ঢেঁকি মার্কা প্রতিকে সমর্থন জানিয়ে দর্শনা পৌর জাতীয় পার্টির নের্তৃবৃন্দের যোগদান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা বাসস্ট্যান্ড চত্বরে অবস্থিত ঢেঁকি মার্কা প্রতিকের অফিসে এ যোগদান অনুষ্ঠিত হয়।

যোগদান অনুষ্ঠানে চুয়াডাঙ্গা-২ আসনের ঢেঁকি মার্কা প্রতিকের সতন্ত্র প্রার্থী মীর্জা শাহারিয়ার মাহমুদ লল্টু’র হাতে হাত রেখে ঢেঁকি মার্কার সমর্থন জানিয়ে দর্শনা থানা ও পৌর জাতীয় পার্টির ১৫/১৬ জন নেতাকর্মী যোগদান করেন।

দর্শনা পৌর ৪নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের সভাপতি কামাল উদ্দিন আহমেদ সান্টুর সভাপতিত্বে উপস্থিত থেকে যোগদান করেন, দর্শনা থানা কমিটির জাতীয় পার্টির সভাপতি নুর জামাল, সহ-সভাপতি ফরহাদ খান শিল্পি, সম্পাদক হায়দার আলী বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক আবুল হোসেন, শ্রম সম্পাদক জাহাঙ্গীর হোসেন বাবু, দর্শনা পৌর শাখার সভাপতি এনামুল হক সন্টু, সহ-সভাপতি মজিবর রহমান, যুগ্ন সম্পাদক মাসুদ করিম মিন্টু, প্রমুখ।

চুয়াডাঙ্গা-২ আসনে জাসদের প্রার্থী নির্বাচন প্রত্যহার করে উঠলেন নৌকায়

বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ (ইনু) সমর্থিত চুয়াডাঙ্গা জেলা জাসদের সদস্য চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী দেওয়ান মোঃ ইয়াসিন উল্লা মশাল প্রতীক প্রত্যহার করে নৌকায় উঠলেন।

আজ শুক্রবার সন্ধ্যা ৭ টায় দর্শনা পৌর জাসদের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের এ ঘোষণা দেন তিনি।

দামুড়হুদা উপজেলা জসদের সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু জানান, ১৪ দলের নীতিগত সিদ্ধান্ত জোট গতভাবে ভোট করা। সেই মোতাবিক আমাদের চুয়াডাঙ্গা-২ আসনের প্রার্থী দেওয়ান মোঃ ইয়াসিন উল্লাহ মশাল প্রতীকে নির্বাচন প্রত্যাহার করেন। আজকের থেকে আমারা নৌকার পক্ষ কাজ করবো।

চুয়াডাঙ্গা-২ আসেন জাসদ (ইনু) মশাল প্রার্থী দেওয়ান ইয়াসিন উল্লাহ জানান,সারাদেশে ১৪ দল জোট গত ভাবে আন্দোলন সংগ্রাম সরকার পরিচালনার ক্ষেত্রে একসাথে কাজ করে আসছে। সামনে জাতীয় নির্বাচনে চুয়াডাঙ্গা-২ আসনে নেতা কর্মীদের মতামতের ভিত্তিতে আমি নির্বাচনে আগামী নির্বাচনে মশাল মার্কা প্রতীকে নির্বাচন প্রত্যহার করছি। আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রার্থী আলী আজগার টগরের সমর্থন করে জাসদের নেতাকর্মীদের সাথে নিয়ে নৌকার বিজয় ছিনিয়ে আনা হবে।

সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন দর্শনা পৌর আওয়ামী লীগের সহ সম্পাদক গোলাম ফারুক আরিফ, আওয়ামীলীগ নেতা জাহিদুল ইসলাম, দর্শনা পৌর জাসদের আহবায়ক জাকারিয়া জাকির, কেন্দ্রীয় জাসদের সদস্য আব্দুস সামাদ বিপু।

পরে দর্শনা পৌর জাসদের সভাপতি জুলফিকার হায়দার সাংবাদিকদের কাছে অভিযোগ করে বলেন,আমরা পৌর জাসদের দায়িক্তে আছি আমরা কোন কিছুই জানিনা। আমাদেরকে না জানিয়ে প্রার্থীতা প্রত্যহার করেছে। আমরা দর্শনা পৌর জাসদ সমর্থন করিনা বলে অভিযোগ করেন।তিনি আরও বলেন দামুড়হুদা উপজেলা জাসদের সভাপতি জাহাঙ্গীর আলম লুল্লু সে তার একক সিধান্তে তার একক প্রার্থী প্রত্যহার করেছে।।দর্শনা পৌর জাসদ কোন রকম এ সমর্থন করে না।

চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র প্রার্থী ঢেঁকি মার্কার নিবার্চনী ইশতেহার ঘোষনা

আগামী ৭ জানুয়ারী দ্বাদশ জাতীয় সংসদ নির্বচনে চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র পদপ্রার্থী ঢেঁকি মার্কার প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহারিয়ার মাহমুদ লন্টুর নিবার্চনী ইশতেহার ঘোষনা করলেন সংবাদ সম্মেলনে।

গতকাল বুধবার সকাল ১১ টার দিকে চুযাডাঙ্গা-২ নির্বাচনী এলাকার দর্শনা বাসস্ট্যান্ডে অবস্থিত ঢেঁকি মার্কার প্রধান অফিসে সংবাদ সম্মেলন অনুষ্টিত হয়।

সংবাদ সম্মেলনে সাংবাদিকদের বলেন নেতা কর্মিদের উপস্হিতিতে স্বতন্ত্র প্রার্থী মির্জা শাহারিয়ার মাহামুদ লন্টু বলেন আমাকে নির্বাচনি এলাকায় স্বাধীনভাবে প্রচার প্রচারণায় ব্যাপক বাধা সৃষ্টি করা হচ্ছে,আমার নেতা কর্মিদেরকে হাত পা ভেঙে দেয়ার হুমকি এবং ভোট কেন্দ্রে না যাওয়ার হুমকি ধামকি দেয়া হচ্ছে বলে সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন।

আগামী ৭ই জানুয়ারি-২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে, ৮০ চুয়াডাঙ্গা-২ আসনের স্বতন্ত্র পদপ্রার্থী বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহারিয়ার মাহমুদ লন্টুর নিবার্চনী প্রতিশ্রুতি’তে তিনি বলেন, তিনি চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য পদে নির্বাচিত হলে এলাকার জনগনের কল্যাণে এলাকায় স্থায়ীভাবে শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠার করণীয় সমূহ অগ্রাধীকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে।

উন্নয়নের সকল সম্ভাবনা পর্যালোচনা করে নির্বাচনী এলাকার জনগনের মতামতের ভিত্তিতে উন্নয়ন পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করা হবে।

কর্মমুখী শিক্ষা বিস্তার এবং কর্মসংস্থানের উপর যথাযথ কার্যক্রম হাতে নেয়া হবে। দুর্নীতি ও মাদক নির্মূলে সর্বোচ্চ গুরত্বারোপ করে কার্যকর ব্যবস্থা নেয়া হবে। বিল, বাওড়, খাল, হাট-বাজার জবরদখল করে সরকারি রাজস্ব আয় ফাঁকি দিয়ে লুটপাটের যে মহাউৎসব চলছে তা বিদ্যমান আইনের কঠোর প্রয়োগের মাধ্যমে দূর করা হবে।

চুয়াডাঙ্গা-২ আসনের জনগনের জীবনযাত্রার মান উন্নয়নে করণীয় কাজগুলো অত্যন্ত গুরুত্ব দিয়ে সম্পাদন করা হবে।

এলাকায় চিকিৎসা ব্যবস্থাকে আরো সুসংগঠিত করার জন্য দামুড়হুদা, দর্শনা, জীবননগরসহ সম্ভাব্য স্থানে আধুনিক হাসপাতাল স্থাপন করা হবে।

নারীর ক্ষমতায়নে সুনিদিষ্ট কার্যক্রম গ্রহণ করা হবে। স্থানীয় কৃষি উৎপাদন বৃদ্ধি ও প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র প্রতিষ্ঠা করে কৃষক ভাইদের উৎপাদিত পণ্যের মূল্য নিশ্চিত করা হবে। কৃষি বাণিজ্যিক করণ করার কার্যক্রম তরান্বিত করার উদ্যোগ গ্রহন করা হবে।

চুয়াডাঙ্গা-২ আসনের জীবননগর, দামুড়হুদা, দর্শনা, তিতুদহ, বেগমপুর, গড়াইটুপি ও নেহালপুর বাংলাদেশের নিবিড় কৃষি অঞ্চল হিসেবে পরিচিত এই বিষয়টি বিবেচনায় এনে কৃষি শিক্ষার উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান কৃষি বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হবে। এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে রাস্তা-ঘাটের সংস্কার ও নির্মানকে অগ্রাধিকার দেওয়া হবে। বিদ্যুৎ ব্যবস্থায় বিদ্যমান সমস্যা দুর করে আরো সুসংগঠিত করা হবে।
যুব সমাজের আইটি দক্ষতা বৃদ্ধি করে ঘরে বসে রোজগারের ব্যবস্থাকে গুরুত্ব দিয়ে সুনিদিষ্ট কার্যক্রম গ্রহণ করা হবে। খেলাধুলা সহ সাংস্কৃতিক কার্যক্রম জোরদার করা হবে। যুবকদের মাদক থেকে দূরে রাখতে ওয়ার্ড ভিত্তিক খেলার মাঠ তৈরী করা হবে। দর্শনা এবং জীবননগরের পূর্ণাঙ্গ স্থলবন্দর প্রতিষ্টার কার্যকর উদ্যোগ নেয়া হবে।

ঐতিহ্যবাহী কেরু এন্ড কোম্পানির সম্পদ ব্যবহারে দুর্নীতি ও অনিয়ম দূর করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।

চোরাচালান বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জনগনের মধ্যে সমন্বয় করে জেলার সার্বিক উন্নয়নে সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা হবে। এ সকল প্রতিশ্রুতি বাস্তবায়নে সহয়তা করার জন্য ঢেঁকি মার্কা প্রতীকে আপনার মূল্যবান রায় চেয়ে সকলের কাছে ঢেঁকি মার্কায় ভোট চাইলেন।

এ সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, জীবননগর উপজেলা আ লীগের সভাপতি নজরুল ইসলাম,

বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ হামিদুর রহমান, ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক কামাল উদ্দিন আহম্মেদ সান্টুসহ মানবাধিকার কর্মী ও সাংবাদিকসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

নির্বাচনী আমেজে মেতে উঠেছে চুয়াডাঙ্গা ২ আসনে এমপি প্রার্থীরা

প্রতীক পাওয়ার পর পরই চুয়াডাঙ্গা ২ আসনে নির্বাচনী প্রচারনায় সরগরম হয়ে উঠেছে। পোষ্টার টাংগানো বা ঝুলানোর ধুম পড়েছে সর্বত্র। মাইকিংয়ে মাইকিংয়ে মুখরিত হয়ে উঠেছে চুয়াডাঙ্গা ২ আসনের হাট-বাজার সহ প্রতিটি গ্রাম। নির্বাচনী গণসংযোগের পাশাপাশি ভোটারদের দ্বারে দ্বারে ছুটে যাচ্ছেন প্রার্থীরা।

চুয়াডাঙ্গা ২ আসনে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী ও স্বতন্ত্র প্রার্থী সহ মোট ৮ জন প্রার্থী নির্বাচনের মাঠে প্রতিদ্বন্দ্বিতা করলেও প্রচার প্রচরনায় রয়েছেন আওয়ামী লীগ দলীয় নৌকার প্রার্থী বার বার নির্বাচিত সংসদ সদস্য হাজী আলী আজগার টগর,স্বতন্ত্র প্রার্থী দৈনিক সকালের সময়ের সম্পাদক ও প্রকাশক নৃর হাকিম ঈগল মার্কা,স্বতন্ত্র প্রার্থী দৈনিক আমার সংবাদের সম্পাদক ও প্রকাশক ও কেদ্রীয় আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপ-কমিটির সদস্য হাশেম রেজা, ট্র্যাক মার্কা,জাতীয় পার্টি প্রার্থী রবিউল ইসলাম লাঙ্গল প্রতীক, ন্যাশনাল পিউপিলস পার্টি মনোনীত ইদ্রিস চৌধুরী পেয়েছেন আম প্রতীক, জাতীয় সমাজতান্ত্রিক দল (ইনু) দেওয়ান মোহাম্মদ ইয়াছিন উল্লাহ পেয়েছেন মশাল প্রতীক, জাকের পার্টির আব্দুল লতিফ খান পেয়েছেন গোলাপ ফুল,প্রতীক, জাতীয় সংসদ সদস্য নির্বাচনে মনোনয়ন ফিরে পেয়েছে বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহারিয়ার মাহমুদ লল্টু,তবে এখনো কি মার্কা হয়েছে জানা যায়নি।তবে তিনি বলেছেন আমার পছন্দের প্রতিক ঢেঁকি দিয়েছি।

তবে বাকী ৪ প্রার্থীদের নির্বাচনের মাঠে দেখা যাচ্ছেনা। প্রচার

প্রচরনায় একেবারেই মাঠে দেখা যাচ্ছে না। এদের মধ্যে রয়েছেন জাতীয় পার্টির লাঙ্গল প্রতীকের প্রার্থী রবিউল হক,ন্যাশনাল পিউপিলস পার্টি মনোনীত ইদ্রিস চৌধুরী, দেওয়ান মোহাম্মদ ইয়াছিন উল্লাহ মশাল প্রতীকের মাঠে দেখা যাচ্ছে না।তার সাথে জাকের পার্টির আব্দুল লতিফ খান যুবরাজেরও মাঠে দেখা যাচ্ছে না।তবে নির্বাচন সুষ্ঠু হলে কে জিতবে তা নিয়ে চলছে চুল চেরা বিশ্লেষণ। নির্বাচনের আগে কোন সংসহিতা না হয় সেজন্য মাঠে পুলিশ – বিজিবি বেশ সতর্ক অবস্থানে আছে।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটের দিন যত ঘনিয়ে আসবে প্রার্থীরা ততই প্রচার প্রচারনা ও নিজেদের পক্ষে ভোট প্রার্থনায় ব্যস্ত হয়ে পড়বেন। তবে কে হবেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য তার জন্য অপেক্ষা করতে হবে ৭ই জানুয়ারী পর্যন্ত।

কার্পাসডাঙ্গায় হাজী আলী আজগর টগরের নির্বাচনী সভা

আজ বুধবার বিকাল ৩ টার সময় কার্পাসডাঙ্গা হাইস্কুল ফুটবল মাঠে কার্পাসডাঙ্গা একতা হেয়ার প্রসেসিং এর উদ্যোগে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়।

হাসিবুজ্জামান শহিদ বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২ আসনের নৌকার প্রার্থী হাজী আলী আজগর টগর ।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা বিশ্বাসের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু,দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, মদনা পারকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টো,দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি শহিদুল

হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাফিকুর রহমান মাষ্টার, সাধারণ সম্পাদক নজীর আহমেদ, যুগ্ন সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস,সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, সাংগঠনিক সম্পাদক মোখলেসুর রহমান রিপন, দপ্তর সম্পাদক আহমেদ আলী মাস্টার, আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ ও হেয়ার প্রসেসিং এর ব্যবসায়ী বৃন্দ।

এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, ২০২৪ সালের ৭ জানুয়ারির নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে দেশ ও জাতীর খেদমত সুযোগ দিন।সেই সাথে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করুন। আরো চুয়াডাঙ্গা ০২ আসনের মসজিদ মাদ্রাসা রাস্তা ঘাট স্কুল কলেজের ব্যাপক উন্নয়ন হয়েছে এই সরকারের আমলে।

চুয়াডাঙ্গা ২ আসনের এমপি টগরের পক্ষে মনোনয়ন সংগ্রহ

চুয়াডাঙ্গা ২ আসনের বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত নৌকার কাণ্ডারি হাজী আলী আজগার টগরের পক্ষে মনোনয়ন সংগ্রহ করেছেন নেতৃবৃন্দ।

গতকাল সোমবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা জেলা নির্বাচন কার্যলয়ে মনোনয়ন সংগ্রহ কালে উপস্থিত ছিলেন,দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,সহ সম্পাদক গোলাম ফারুক আরিফ,জীবননগর পৌরসভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,আ’লীগ নেতা জাহিদুল ইসলাম,যুবলীগ নেতা ফারুক, হিরন,আব্দুস সালাম ভুট্রু ও ছাত্রলীগ নেতা অপু সরকার।

চুয়াডাঙ্গা-২ আসনে জাসদ ও জাতীয় পার্টির দলীয় মনোনয়ন ঘোষণা

চুয়াডাঙ্গা-২ আসন থেকে জাসদ ও জাতীয় পার্টির ২ জন দলীয় মনোনয়ন পেয়েছে। এদের মধ্যে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের মশাল প্রতিকে দেওয়ান ইয়াসিন উল্লাহ ও জাতীয় পার্টির লাঙ্গল প্রতিকে রবিউল ইসলাম দলীয় মনোনয়ন পেলেন।

আজ সোমবার সকাল ১১টায় দর্শনা পৌর জাসদের অফিস থেকে দেওয়ান ইয়াসিন উল্লাহ তার মনোনয়ন সংগ্রহ করেছেন। জাতীয় সমাজতান্ত্রিক দলের সভাপতি হাসানুল হক ইনু”র প্রেরিত মনোনয়ন পত্রটি জাতীয় যুব জোটের দর্শনা পৌর সভাপতি আলমগীর হোসেন মিল্টন, জাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য অনলাইন নিউজ পোর্টাল ইভেন্ট অল ইভেন্ট নিউজের নিবার্হী সম্পাদক আব্দুস সামাদ আজাদ বিপু ও গড়াইটুপি ইউনিয়ন জাসদের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা কমিটির সদস্য ডাক্তার হোসেন এর নিকট থেকে চুয়াডাঙ্গা-২ আসনের মনোনয়ন পত্রটি দেওয়ান ইয়াসিন উল্লাহ গ্রহন করেন।

এ নিয়ে চুয়াডাঙ্গা-২ আসন থেকে ৩ জন দলীয় মনোনয়ন পেলেন।